দৈনিক ইত্তেফাক

4

তারিখ ... ... NOV 1 1 1999 ...
পৃষ্ঠা ৪ কলাম ৬ ......

# প্রাথমিক শিক্ষার্থীদের বই

পত্রিকান্তরে জানিতে পারিলাম, ২০০০ সালের প্রথমদিকে প্রাথমিক শিক্ষার্থীদের হাতে নূতন বই তুলিয়া দেওয়া সম্ভব হইবে কিনা সন্দেহ। বই ছাপানোর কাজে বিশ্ব ব্যাংকের শর্ত প্রদান, শর্ত ভঙ্গের জন্য সাহায্য বন্ধ করা, সরকারের নিজস্ব তহবিলের সাহায্যে ছাপার টেন্ডার আহবান, প্রেস মালিক ও এন,সি,টি,বি-এর লুকোচুরি (টেন্ডার দিলে বাতিল আবার টেন্ডার আহবানে সাড়া না দেওয়া) প্রভৃতি কারণে এখনো বই ছাপানোর টেন্ডার সুসম্পন্ন হয় নাই বিধায় প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা যথাসময়ে শিক্ষার আসল উপকরণ বই প্রাপ্তি হইতে বঞ্চিত হইতে পারে। বিগত দিনের সকল গ্লানি, তিক্ত অভিজ্ঞতা ভুলিয়া নূতন শতাব্দীতে প্রবেশের পূর্বের বৎসরে এহেন দুঃখজনক ঘটনার আশঙ্কা কাম্য নহে। এমতাবস্থায়, একবিংশ শতাব্দীর দ্বারপ্রান্তে আসিয়া প্রাথমিক শিক্ষার সকল প্রকার পশ্চাৎপদতা এড়ানোর লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

প্রভাত চন্দ্র সরকার,
প্রবীণ শিক্ষক,
শহীদ নবী সরকারী প্রাথমিক বিদ্যালয়,
টিকাটুলী, ঢাকা ১২০৩।